# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عَلِيّ بن أبي طَالب)

---

আরবী

وَعَن زيد بن أَرقم أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ كُنْتُ مَوْلَاهُ فَعَلِيٌّ مَوْلَاهُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيّ

اسناده صحیح ، رواه احمد (4 / 368 ح 19494) و الترمذی (3713 وقال : حسن غریب) * و للحدیث طریق کثیرة جدًا فھو من الاحادیث المتواترة ۔

(صَحِيح)

বাংলা

৬০৯১-[৫] যায়দ ইবনু আরকাম (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.)-বলেছেন: আমি যার বন্ধু, ’আলীও তার বন্ধু। (আহমাদ ও তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৭১৩, ইবনু মাজাহ ১২১, সিলসিলাতুস্ সহীহাহ ১৭৫০, সহীহুল জামি' ৬৫২৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২০৯১, মুসনাদে আহমাদ ২২৯৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আমি যাকে ভালোবাসি ‘আলীও তাকে ভালোবাসে। আর আমি যাকে ঘৃণা করি ‘আলীও তাকে ঘৃণা করে। আর আমি যার দায়িত্ব নেই ‘আলীও তার দায়িত্ব নেয়। আলী (রাঃ)-এর সাথে যারা ইয়ামানে ছিল তারা তার সম্পর্কে কিছু বলল, নবী (সা.) যখন হজ্জ আদায় করলেন তখন খুত্বাহ দিয়ে সতর্ক করলেন। যারা তাঁর বিরুদ্ধে

কথা বললেন, তিনি (সা.) তাদেরকে খণ্ডন করলেন। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন